

## বৃষ্টি (Rain)

তুমি এলে, মরুভূমি বৃষ্টি পেলো।

তুমি এলে, মরুতৃষা মিটল।

গাছে কঁুড়ি এলো -

ফুল ধরল, ফল হল।

তুমি এলে, মনে কবিতা এলো -

কবিতা সুর পেলো, গান হল।

তুমি এলে -

জীবনে স্বপ্ন এলো, আশা জাগলো।

নতুন স্রোতে ভেসে যেতে

আনন্দের জোয়াড় এলো।

তুমি গেলে, স্বপ্ন ভেঙে গেলো!

ভোর হল, সূর্য উঠল,

পাখীরা ডাকল, ফুল ফুটল -

টেলিফোন বাজলো!

শুধু আমার অসার মন

বিছানা ছাড়লো না -

চির নিদ্রায় ঘুমিয়ে পড়লো।

দীপক সরকার। 844 Royal Oak Ave, Victoria, BC V8X 3T2, Canada; E-mail:

[kolki@kolki.com](mailto:kolki@kolki.com); Poetry & Peace Web site: [www.kolki.com](http://www.kolki.com)